

ডাচ বাংলা মোবাইল ব্যাংকের বিল পেমেন্ট কার্যক্রমের মাধ্যমে যুব ঋণের কিস্তি জমা দেয়ার লক্ষ্যে করণীয় নিম্নে উল্লেখ করা হলো-

- প্রতিটি উপজেলার চলমান ঋণীর তালিকা প্রস্তুত করতে হবে। তালিকায় ঋণীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, ঋণী নং, ঋণীর মোবাইল নম্বর এবং বিল নম্বর (তালিকা প্রণয়নের পূর্বে প্রস্তুত করতে হবে)
- চলমান সকল ঋণীর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের একাউন্ট খুলতে/থাকতে হবে। (মোবাইল ব্যাংকের স্থানীয় কর্মকর্তাদের সহযোগিতায়।)
- প্রত্যেক ঋণীর জন্য একটি লেমিনেটিং কার্ড (৬" x ৪" মাপের) তৈরী করে তাতে উপজেলার নাম ঋণীর নাম, কর্মসূচির নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, Bill নম্বর এবং Biller ID নম্বর (আত্মকর্ম ঋণের ক্ষেত্রে Biller ID ১২০৯, পরিবারভিত্তিক ঋণের ক্ষেত্রে Biller ID ১২১০)। প্রদান করতে হবে।
- বিলার আইডি (সংশ্লিষ্ট কার্যালয়ের মোবাইল ব্যাংকের চার ডিজিটের একাউন্ট নম্বর) আত্মকর্ম ঋণের ক্ষেত্রে Biller ID ১২০৯, পরিবারভিত্তিক ঋণের ক্ষেত্রে Biller ID ১২১০)।
- প্রতি ঋণীর জন্য একটি বিল নম্বর তৈরী করতে হবে। এটি একটি নয় ডিজিট বিশিষ্ট কোড নম্বর। এই নয়টি ডিজিট হলো- জেলা+উপজেলার জিও কোড ০৪ ডিজিট + ঋণের ধরনের কোড ০১ ডিজিট (প্রাতিষ্ঠানিক হলে -১/অপ্রাতিষ্ঠানিক হলে- ২/পরিবারভিত্তিক হলে-৩)+ ০৪ ডিজিট বিশিষ্ট বর্তমান ঋণ নম্বর।
- আনুষ্ঠানিক প্রচারণা অনুষ্ঠানে (উদ্বোধনী অনুষ্ঠান) সদর উপজেলার ২৫ জন ঋণীর টাকা মোবাইল ব্যাংকের মাধ্যমে সরাসরি (হাতে কলমে দেখানো হবে) লেন-দেন করা হবে। এ ২৫ জন ঋণীকে নির্বাচন করে ঋণের পাসবই স্বাক্ষর করে তাদের টাকা গ্রহণ করে ব্যাংকে জমা না দিয়ে ঐ দিন মোবাইল ব্যাংকের মাধ্যমে লেন-দেন করার জন্য নগদ অর্থ হাতে রাখতে হবে।
- অনুষ্ঠানের দিন কমপক্ষে তিনজন ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের এজেন্টকে পর্যাপ্ত ব্যালেন্সসহ উপস্থিতি নিশ্চিত করতে হবে।